গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়
লাইফ ভিউ-ফুলকুঁটির, মীম শরৎ এ্যাপার্টমেন্ট(৫ম তলা)
৭৪ বঙ্গবন্ধু রোড, উকিলপাড়া, নারায়ণগঞ্জ-১৪০০।
www.food.narayanganj.gov.bd
www.dgfood.gov.bd

জেলা ওএমএস কমিটির সভার কার্যবিবরণীঃ

সভাপতি: মোহাম্মদ মাহমুদুল হক
জেলা প্রশাসক, নারায়ণগঞ্জ।
তারিখ : ২৭.১১.২০২৪ খ্রি.।
সময় : সকাল ১১.০০ ঘটিকা।
স্থান : জেলা প্রশাসক, নারায়ণগঞ্জ মহোদয়ের সম্মেলন কক্ষ।

সভায় উপস্থিত কর্মকর্তা/সদস্যবৃন্দ পরিশিষ্ট ক" তে দেখানো হলোঃ

উপস্থিত সদস্যদের স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। অতঃপর সভাপতির অনুমতিক্রমে জেলা খাদ্য নিয়ন্ত্রক, নারায়ণগঞ্জ সভায় জানান যে, গত ২০.১০.২০২৪ তারিখ অনুষ্ঠিত জেলা ওএসএস কমিটির সভার সিদ্ধান্ত মোতাবেক খোলা বাজারে খাদ্যশস্য বিক্রয় (ওএমএস) নীতিমালা-২০২৪ এর আলোকে নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন এলাকার ৩৯টি ওএমএস বিক্রয় কেন্দ্র নির্বাচনের লক্ষ্যে জেলা প্রশাসকের কার্যালয়, নারায়ণগঞ্জ দপ্তরের (সাধারণ শাখা) ০৩.১১.২০২৪ তারিখের ০৫.৪১.৬৭০০.২০৫.১১.০০১.২৩.১১৫নং স্মারকে ০৩(তিন) সদস্য বিশিষ্ট কমিটি গঠন করা হয়। গঠিত কমিটি সরেজমিনে নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন এলাকার ২৭টি ওয়ার্ড পরিদর্শন করে প্রতিটি ওয়ার্ডে নূন্যতম ০১(এক)টি এবং যে সকল ওয়ার্ডে জনবহুল ও দরিদ্র মানুষের ঘনবসতি বেশী সে সকল ওয়ার্ডে একাধিকসহ মোট ৩৯(উনচল্লিশ)টি ওএমএস বিক্রয় কেন্দ্র নির্বাচন করে ১০.১১.২০২৪ তারিখ প্রতিবেদন দাখিল করেন। নির্বাচিত ৩৯টি ওএমএস বিক্রয় কেন্দ্রসমূহের বিপরীতে ওএমএস ডিলার নিয়োগের লক্ষ্যে জেলা খাদ্য নিয়ন্ত্রক, নারায়ণগঞ্জ দপ্তরের ১৩.১১.২০২৪ তারিখের ২৩.০১.৬৭০০.০০১.৫৭.০০৩.২৪.১৫৮১নং স্মারকে "ওএমএস ডিলার নিয়োগ বিজ্ঞপ্তি" জারি করা হয়। জারিকৃত "ওএমএস ডিলার নিয়োগ বিজ্ঞপ্তি" টি "দৈনিক কালের কণ্ঠ" পত্রিকায় ১৪.১১.২০২৪ তারিখে প্রকাশিত হয়। বিজ্ঞপ্তিটি জেলা প্রশাসকের কার্যালয় এবং জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়ের ওয়েবসাইটে প্রকাশ করা হয়। বিজ্ঞপ্তি অনুযায়ী ১৪.১১.২০২৪ হতে ২৪.১১.২০২৪ তারিখ পর্যন্ত আবেদনপত্র বিক্রয় এবং ১৭.১১.২০২৪ হতে ২৫.১১.২০২৪ তারিখ পর্যন্ত জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, নারায়ণগঞ্জ এ আবেদনপত্র বাক্সে গ্রহণ করা হয়। ঐ দিন বিকাল ৫.০০ ঘটিকায় বাক্সের মুখ বন্ধ করা হয়। নির্ধারিত সময়ে মোট ১৪৯টি আবেদন ফরম বিক্রয় হয়। সভায় আবেদনপত্র গ্রহণের সীলগালা বাক্স উপস্থাপন করা হয়। খোলা বাজারে খাদ্যশস্য বিক্রয় (ওএমএস) নীতিমালা-২০২৪ এবং খাদ্য মন্ত্রণালয়ের সরবরাহ-১ শাখার ০৭.১১.২০২৪ তারিখের ১৩.০০.০০০০.০৪৬.৩৬.০০১.২০.২২৯নং স্মারকের সংশোধিত নির্দেশনা মোতাবেক জেলা ওএমএস কমিটি চেক লিস্ট (পরিশিষ্ট-গ) অনুযায়ী এবং অন্যান্য প্রাসঙ্গিক তথ্যাদি যাচাই-বাছাইপূর্বক যোগ্য ব্যক্তি/প্রতিষ্ঠানকে ডিলার হিসেবে নিয়োগের চূড়ান্ত অনুমোদন প্রদান করবেন এবং কমিটির সদস্য সচিব চূড়ান্তভাবে অনুমোদিত ডিলারদের নিয়োগ আদেশ জারি করবেন।

সভাপতি বলেন যে, খোলা বাজারে খাদ্যশস্য বিক্রয় (ওএমএস) নীতিমালা-২০২৪ এর চেক লিস্ট (পরিশিষ্ট-গ) অনুযায়ী এবং ওএমএস ডিলারশীপ প্রাপ্তির আবেদনকারীর অন্যান্য প্রাসঙ্গিক তথ্যাদি যাচাই-বাছাই করার জন্য ০৪(চার) সদস্য বিশিষ্ট একটি কমিটি গঠন করা হবে। জেলা খাদ্য নিয়ন্ত্রক, নারায়ণগঞ্জ কর্তৃক উপস্থাপিত আবেদনকারীদের সীলগালা বাক্স পরবর্তী কার্যক্রমের পূর্ব পর্যন্ত জেলা ট্রেজারিতে সংরক্ষণ করা যেতে পারে। উপস্থিত সকল সদস্য একমত পোষণ করেন।

সভায় বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মিতক্রমে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

০১। ওএমএস ডিলারশীপ প্রাপ্তির আবেদনকারীর তথ্যাদি যাচাই-বাছাই করার লক্ষ্যে নিম্নরূপভাবে ০৪(চার) সদস্য বিশিষ্ট গঠন করার সিদ্ধান্ত গৃহীত হলোঃ

ক) অতিরিক্ত জেলা প্রশাসক(সার্বিক), নারায়ণগঞ্জ -আহ্বায়ক
খ) প্রধান সমাজকল্যাণ ও বস্তি উন্নয়ন কর্মকর্তা, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন -সদস্য
গ) সহকারী পরিচালক, জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, নারায়ণগঞ্জ -সদস্য
ঘ) জেলা খাদ্য নিয়ন্ত্রক, নারায়ণগঞ্জ -সদস্য সচিব

০২। কমিটি খোলা বাজারে খাদ্যশস্য বিক্রয় (ওএমএস) নীতিমালা-২০২৪ এর চেক লিস্ট (পরিশিষ্ট-গ) অনুযায়ী এবং অন্যান্য প্রাসঙ্গিক তথ্যাদি যাচাই-বাছাইপূর্বক আগামী ০৭(সাত) কর্মদিবসের মধ্যে প্রতিবেদন জেলা ওএমএস কমিটির সভাপতি বরাবর দাখিল করবেন।

০৩। ওএমএস ডিলারশীপ প্রাপ্তির আবেদনসমূহের সীলগালা বাক্স পরবর্তী কার্যক্রম গ্রহণের পূর্ব পর্যন্ত জেলা ট্রেজারিতে সংরক্ষণ করার সিদ্ধান্ত গৃহীত হয়।

সভায় আর কোন আলোচ্য সূচি না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

২৭/১১/২০২৪
(মোহাম্মদ মাহমুদুল হক)
জেলা প্রশাসক
নারায়ণগঞ্জ
ও
সভাপতি
জেলা ওএমএস কমিটি।

স্মারক নং-১৩.০১.৬৭০০.০০০.৫৭.০০৩.২৪. ১৫১৬(২১)
তারিখ: ২৭.১১.২০২৪ খ্রি.।

সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১) মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
২) প্রশাসক, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন, নারায়ণগঞ্জ।
৩) পরিচালক, সরবরাহ, বণ্টন ও বিপণন বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
৪) আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, ঢাকা।
৫) জেলা প্রশাসক, নারায়ণগঞ্জ।
৬) উপ-পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, নারায়ণগঞ্জ।
৭) অতিরিক্ত জেলা প্রশাসক(সার্বিক), নারায়ণগঞ্জ।
৮) পুলিশ সুপার, নারায়ণগঞ্জ।
৯) সহকারী পরিচালক, জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, নারায়ণগঞ্জ।
১০) প্রধান সমাজকল্যাণ ও বস্তি উন্নয়ন কর্মকর্তা, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন, নারায়ণগঞ্জ।
১১) অফিস কপি।

২৭/১১/২০২৪
(মোহাম্মদ বাবুল হোসেন)
জেলা খাদ্য নিয়ন্ত্রক
নারায়ণগঞ্জ
ও
সদস্য সচিব
জেলা ওএমএস কমিটি।